



সাতক্ষীরা সীমান্তে বিএসএফের গুলিতে আহত দুই বাংলাদেশি



সংগৃহীত ছবি

সাতক্ষীরার কালিগঞ্জ সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি আহত হওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার দিবাগত গভীর রাতে বসন্তপুর সীমান্তের কালিন্দী নদীসংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে বলে স্থানীয় সূত্র জানিয়েছে।

আহতরা হলেন কালিগঞ্জ উপজেলার শীতলপুর গ্রামের বাসিন্দা মহিউদ্দিন (৪২) ও শাহীন (২৮)। স্থানীয়সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে ভারতে অবস্থান করার পর তারা গোপনে দেশে ফেরার চেষ্টা করছিলেন। এ সময় বসন্তপুর সীমান্তের বাশবাড়িয়া এলাকা দিয়ে কালিন্দী নদী পার হওয়ার সময় বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। এতে তারা দুজনই আহত হন।

পরে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে প্রথমে কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য সাতক্ষীরা সদর হাসপাতালে স্থানান্তর করা হয়।

কালিগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, ঘটনার বিষয়ে তারা প্রাথমিক তথ্য সংগ্রহ করেছে এবং সীমান্ত এলাকা পরিদর্শন করা হয়েছে। আহতদের অবস্থা গুরুতর বলে জানা গেছে।